



৩৭.১৬.০০০০.০০৬.৩১.০০১.২০-৩৯৫৮,

তারিখঃ ৩০/০৪/২০২০

জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা ২০২০ এর রেজিস্ট্রেশন সংক্রান্ত
জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশের সার্বিক অবস্থা বিবেচনায় ২০২০ সালের জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষার রেজিস্ট্রেশন ফি এর টিটি স্লিপ প্রিন্ট, e-SIF পূরণ এবং Final submission এর সময়সীমা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো।

ক্রমিক	বিবরণ	পূর্বের তারিখ	পুনঃনির্ধারিত তারিখ
০১	বিলম্বফিসহ টিটি স্লিপ প্রিন্ট এবং জমার সময়সীমা	১০/০৩/২০২০ থেকে ৩০/০৩/২০২০	০১/৫/২০২০ থেকে ৩১/৫/২০২০ পর্যন্ত
০২	e-SIF পূরণ এবং Final submission এর শেষ তারিখ	১২/০৪/২০২০	১০/০৬/২০২০ পর্যন্ত
০৩	মূল বিজ্ঞপ্তির ৩ নং ক্রমিকের নির্দেশনামত প্রস্তুতকৃত কাগজপত্র জমা দেয়ার সময়সীমা	২০/০৪/২০২০	২১/০৬/২০২০ পর্যন্ত

উল্লেখ্য যে, বিলম্ব ফি ছাড়া টিটি স্লিপ প্রিন্ট ও ফি জমা দেয়া যাবে না।

বর্ধিত সময়সীমার পরে কোন ক্রমেই আর সময় বর্ধিত করা হবে না। বর্ধিত সময়সীমার মধ্যে কোন মাদ্রাসার শিক্ষার্থী রেজিস্ট্রেশন করাতে ব্যর্থ হলে, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

৩০/০৪/২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬২৮৫৮।

অধ্যক্ষ/সুপার (সকল)

বোর্ডের অধিভুক্ত মাদ্রাসা

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। পি.ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পি.এ. টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস নথি।